দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 02 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

## মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে চাঁপাইনবাবগঞ্জে জমিয়তে মোদার্রেছীনের বিক্ষোভ মিছিল

**চাঁপাইনবাবগঞ্জ জেলা সংবাদদাতা ঃ** সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের এক সিদ্ধান্তে দেশের বিভিন্ন মাদ্রাসা বন্ধ এবং বেতনের সরকারী অংশ বন্ধের প্রতিবাদে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন, চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল, জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বরাবরে স্মারকলিপি পেশ এবং বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মাদ্রাসা শিক্ষক, কর্মচারী এবং ইসলামপ্রিয় কয়েক হাজার মানুষ সহযোগে বিক্ষোভ মিছিলটি ঈদগাহ ময়দান থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয় এবং মাদ্রাসার বিভিন্ন সমস্যা এবং সম্ভাবনা সম্বলিত একটি স্মারকলিপি প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বরাবরে জেলা প্রশাসকের কাছে হস্তান্তর করা হয়। স্মারকলিপি প্রদান শেষে জেলা প্রশাসন চত্বরে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি একেএম মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, মাওঃ আবু সালেহ, মাওঃ আবু জার গিফারী এবং মাওঃ সোহরাব আলী।

বক্তারা বলেন, এই অনৈসলামী সরকার এদেশ থেকে ইসলামকে বিতাড়িত করার ঘৃণ্য পাঁয়তারা শুরু করেছে। একমাত্র দ্বীনি এলেম শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসাকে বিভিন্ন অজুহাতে বন্ধ করে দেয়ার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। সরকারের এ সিদ্ধান্তের ফলে এসব প্রতিষ্ঠানের হাজার হাজার শিক্ষক-কর্মচারীর রুটি-রুজির ওপর হাত দিয়েছে। বক্তারা অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিল করে শিক্ষক-কর্মচারীদের বেতন চালুর জোর দাবী জানান।

## মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে ঠাকুরগাঁওতে জমিয়াতুল মোদার্রেছীনের বিক্ষোভ সমাবেশ

**ঠাকুরগাঁও জেলা সংবাদদাতা ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের ঠাকুরগাঁও জেলা শাখার আহবানে সম্প্রতি স্থানীয় পৌরসভা হলে দেশের হাজার হাজার মাদ্রাসার মঞ্জুরি বাতিলের বিরুদ্ধে জেলা শাখার মোদার্রেছীন সভাপতি মাওলানা তাজিমুদ্দীন-এর সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এই প্রতিবাদ সভায় জেলার ৫টি থানার শিক্ষক-নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন হরিপুর থানার অধ্যক্ষ ইদ্রিস আলী, অধ্যক্ষ আবদুল বাকী (রানীসংকৈল), অধ্যক্ষ আবদুল্লাহ (পীরগঞ্জ), অধ্যক্ষ খোরশেদ আলম (বানিয়াডাঙ্গা সংলগ্ন ভেনাজান), অধ্যাপক জিল্লুর রহমান (সানন্দর আলীয়া মাদ্রাসা), অধ্যক্ষ হাসান উল্লাহ (দানারহাট), ঠাকুরগাঁও সদর এবং খোশবাজার আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ খায়রুজ্জামান প্রমুখ।

ঠাকুরগাঁও পৌরসভা হলে আলোচনা শেষে অত্র জেলায় বৃহত্তর আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে একটি শক্তিশালী জেলা জমিয়াতুল মোদার্রেছীনের কমিটি গঠন করা হয়। কমিটি গঠন শেষে শত শত শিক্ষক মিছিল সহকারে জেলা প্রশাসক, ঠাকুরগাঁওয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর নিকট চার দফা দাবীর একটি স্মারকলিপি পেশ করে। এ চারটি দাবীর মধ্যে রয়েছে বাতিলকৃত মাদ্রাসার মঞ্জুরি পুনর্বহাল, কঠিন শর্তাবলী শিথিল, এবতেদায়ী মাদ্রাসাকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে উন্নীতকরণ এবং বিনামূল্যে বই বিতরণের জোর দাবী।